গাংনীতে সোঁয়া ৭ কেজি গাঁজাসহ দুই মাদক কারবারী আটক

মাদক বিরোধী পৃথক দুটি অভিযান চালিয়ে সোঁয়া সাত কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আটকরা হলেন, গাংনী উপজেলার রাধাগোবিন্দপুর ধলা গ্রামের বাবর আলীর ছেলে সবুজ হোসেন (২৪) ও সাহেবনগর গ্রামের মৃত্যু ফকির আলীর ছেলে উজির আলীর।

আজ বুধবার (২৬ জুন) দুপুরে গাংনী থানায় প্রেসব্রিফিং করে জানান ওসি মো: তাজুল ইসলাম।

তিনি জানান, গতকাল মঙ্গলবার দিবাগত মধ্যরাতে ভারতীয় সীমান্তবর্তি ধলা গ্রাম থেকে মাদকের একটি চালান পার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে ধলা ক্যাম্পের ইনচার্জ (এসআই) আশরাফুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে সাড়ে ছয় কেজি গাঁজাসহ রাধাগোবিন্দপুর ধলা গ্রামের সবুজকে আটক করেন। এসময় গাঁজা কারাবারের সাথে জড়িত অপর আসামি রামকৃষ্ণপুর ধলা গ্রামের মৃত্যু আবু তালেবের ছেলে সাফায়াত আলী পালিয়ে গেছে।

অপরদিকে ভবানীপুর ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) মেহেদী হাসান সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে সাহেবনগর গ্রামে অভিযান চালিয়ে সোয়া ৫ শ গ্রাম গাঁজাসহ উজির আলীকে আটক করা হয়। এসময় অপর আসামি একই গ্রামের মকসেদ আলীর ছেলে মন্টু ধলা পালিয়ে যায়।

পৃথক দুটি গাঁজা উদ্ধারের ঘটনায় গাংনী থানা পুলিশের পক্ষ থেকে দুটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আটক দুই মাদক কারবারীকে আজ বুধবার (২৬ জুন) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে আনসার ও ভিডিপি’র উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরে সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কিত এক উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকালের দিকে জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী প্রশিক্ষণার্থী ব্যারাকের ক্লাসরুমে এ উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা প্রশিক্ষক মানিক মিয়ার সঞ্চালনায় জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত উক্ত সভায় সভাপতিত্ব করেন।

জেলা কমান্ড্যান্ট তার বক্তব্যে বলেন, প্রধানমন্ত্রী বয়স্ক জনগোষ্ঠীকে একটি টেকসই ও সুসংগঠিত সামাজিক নিরাপত্তা কাঠামোর আওতায় আনয়নে প্রথম উদ্যোগ গ্রহণ করেন। এ লক্ষ্যে তিনি ২০০৮ সনের জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে একটি সর্বজনীন পেনশন পদ্ধতি প্রবর্তন করার বিষয়ে সুস্পষ্ট অঙ্গীকার ব্যক্ত করাসহ ২০২২-২৩ অর্থবছরের বাজেট অধিবেশনে সর্বজনীন পেনশন পদ্ধতি প্রবর্তনের ঘোষণা প্রদান করেন। এর ধারাবাহিকতায় সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ প্রণীত হয় যার অধীনে প্রধানমন্ত্রী গত ১৭ আগস্ট ২০২৩ তারিখ সর্বজনীন পেনশন কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করেন।

এতে জেলা কার্যালয়সহ বিভিন্ন উপজেলার কর্মকর্তা-কর্মচারী, ইউনিয়ন/ওয়ার্ড দলনেতা-দলনেত্রী, উপজেলা/ইউনিয়ন আনসার কোম্পানি কমান্ডার ও অন্যান্য ভাতাভোগী সদস্যগণ অংশগ্রহণ করেন।

উল্লেখ্য যে, এ পর্যন্ত মেহেরপুর জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ভাতাভোগী সদস্যদের মধ্যে ৭৫ জন এ স্কিমের আওতায় এসেছেন।

চুয়াডাঙ্গায় দৈনিক প্রাণের

বাংলাদেশ পত্রিকার স্টাফ রিপোর্টারকে হুমকি

চুয়াডাঙ্গায় দৈনিক প্রাণের বাংলাদেশ পত্রিকার স্টাফ রিপোর্টার সোহাগ জোয়ার্দ্দারের উপর হামলার অভিযোগ উঠেছে।

এ বিষয়ে গত বৃহস্পতিবার চুয়াডাঙ্গা সদর থানায় একটি সাধারণ ডাইরি করা হয়েছে। সোহাগ জোয়ার্দ্দার ঢাকা থেকে প্রকাশিত দৈনিক প্রাণের বাংলাদেশ পত্রিকার স্টাফ রিপোর্টার হিসেবে ঢাকাতে কর্মরত আছেন। তিনি চুয়াডাঙ্গা সদর উপজেলার নবগঠিত মাখালডাঙ্গা ইউনিয়নের দিননাথপুর গ্রামের আব্দুল মান্নানের ছেলে।

এ বিষয়ে সোহাগ জোয়ার্দ্দার বলেন বুধবার আমি চুয়াডাঙ্গা সদর উপজেলার দিননাথপুর গ্রামের বটতালায় সন্ধ্যা সাতটায় সময় ইমান আলীর চায়ের দোকানে বসে ছিলাম হটাৎ কিছু এলাকায় বাইরের লোকজন এসে আমাকে অকথ্য ভাষায় গালি দেয়। আমি তাদের নিষেধ করলে তারা আমাকে প্রাণ নাশের এবং জখমের হুমকি দেয়।

এ বিষয়ে তিনি আরো বলেন এটি উদ্দেশ্য প্রণোদিত একটি ঘটনা এবং এরা সকলে স্থানীয় চেয়ারম্যানের লোকজন বলে দাবি করেন তিনি। এক পর্যায়ে তারা উত্তেজিত হলে স্থানীয় লোকজনের সহায়তায় আমি রক্ষা পায়। এই বিষয়ে আমি পরের দিন বৃহস্পতিবার সকাল এগারোটার সময় দিননাথপুর গ্রামের হোসেন ছেলে বাবুল (৫৫) কে প্রধান অভিযুক্ত করে চুয়াডাঙ্গা সদর থানায় ১২ জনের বিরুদ্ধে সাধারণ ডাইরি করেছি।

এ বিষয়ে চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ শেখ সেকেন্দার আলী বলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলার দিননাথপুরে একজন সাংবাদিকের উপর হুমকির অভিযোগ উঠেছে। এ বিষয় চুয়াডাঙ্গা সদর থানায় একটি সাধারণ ডাইরি করেছে তিনি। তদন্ত সাপেক্ষে আমরা এটির ব্যবস্থা নিব।

আলমডাঙ্গায় পুকুর সংস্কারের নামে মাটি বিক্রি, ব্যবসায়ীকে জরিমানা

আলমডাঙ্গার বন্ডবিলে একটি পুকুর সংস্কারের নামে মাটি কেটে ইট ভাটায় বিক্রি করায় এক ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ মঙ্গলবার (২৫ জুন) দুপুরে পৌর এলাকার ৯ নম্বর ওয়ার্ডের বন্ডবিল এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়।

জরিমানাপ্রাপ্ত ব্যবসায়ী নওদা বন্ডবিল গ্রামের মুন্সি মজিবর রহমানের ছেলে মুন্সি মশিউর রহমান (৩৭)।
অভিযানের নেতৃত্ব দেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক এবং আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) স্নিগ্ধা দাস ।
আদালত সূত্রে জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার বন্ডবিল গ্রামের মুন্সি মশিউর রহমান গত কয়েক বছর পূর্বে তিনি একটি পুকুরের কিছু অংশ খনন করেন। ওই পুকুর আবারও পূর্ণখননের নামে গতকাল মঙ্গলবার মাটি কেটে বন্ডবিল গ্রামে অবস্থিত বাবু মুন্সির ইটভাটায় মাটি বিক্রি করেন। এতে রাস্তায় কাঁদামাটিতে চলাচলে ব্যাঘাত পায় স্থানীয়রা।

এ বিষয় উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাসকে অবগত করলে তিনি আলমডাঙ্গা থানাপুলিশের সহযোগীতায় ওই এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। অবৈধভাবে ভেকু দিয়ে খনন করে মাটি উত্তোলন করে ইট ভাটায় বিক্রয় করার অপরাধে বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ এর ১৫ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করেন।

দর্শনায় সাজাপ্রাপ্ত পলাতক আসামী গ্রেফতার

দর্শনা থানা পুলিশের বিশেষ অভিযানে সাজাপ্রাপ্ত পলাতক আসামী আলতাফ হোসেনকে গ্রেফতার করা হয়েছে।

সোমবার দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এএসআই আবু বক্কর সিদ্দিক, এএসআই শেখ আবু হানিফ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামে অভিযান পরিচালনা করেন।

এ অভিযানে এক বছরের বিনাশ্রম কারাদন্ড ও ২০ লক্ষ দশ হাজার টাকা জরিমানার সাজাপ্রাপ্ত পালাতক আসামী
আলতাফ হোসেন ওরফে খোকাকে (৫০) গ্রেফতার করা হয়। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামের বাসিন্দা ও সুলতান আহম্মেদের ছেলে।

এদিকে পুলিশের কাজে বাঁধা সৃস্টি করার অপরাধে একই ইউনিয়নের হরিশপুর গ্রামের শরিফুল ইসলাম (৩৫) নামের একজনকেও গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত শরিফুল ইসলাম হরিশপুর গ্রামের আজিজুল হকের ছেলে। গ্রেফতারকৃত আসামীদেরকে বিচারার্থে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদায় ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের মাঝে শিক্ষা বৃত্তি ও বাইসাইকেল বিতরণ

দামুড়হুদায় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন “বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত)” শীর্ষক

কর্মসূচির আওতায় ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের শিক্ষার্থীদের মাঝে শিক্ষা বৃত্তি ও বাইসাইকেল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে শিক্ষার্থীদের মাঝে এসব বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি’র বক্তব্যে জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন, পিছিয়ে পরা জনগোষ্ঠীকে এগিয়ে নিতে বর্তমান সরকারের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দিনরাত অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন। অনুষ্ঠানে তিনি অসহায় পরিবারের মাঝে ৪টি ঘর বিতরণ করেন। ৪ জন শিক্ষার্থীর মাঝে বাইসাইকেল ও ২০ জন শিক্ষার্থীর মাঝে উপবৃত্তি প্রদান করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন নবনির্বাচিত উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবির ইউসুফ, মহিলা ভাইস চেয়ারম্যান তানিয়া খাতুন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আবু হাসান, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস, একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী সম্প্রদায় প্রতিনিধি বাসুদেব হালদার সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

কার্পাসডাঙ্গা পীরপুরকুল্লার দেড় কিলোমিটার রাস্তার অর্ধেক পুকুরে বিলিন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা নতুন পাড়া হতে ঠাকুরপুর পশ্চিম পাড়া পর্যন্ত প্রধান

সড়কের প্রায় দেড় কিলোমিটার রাস্তার অর্ধেক পাশ্ববর্তী পুকুরে বিলিয়ন হয়েছে।

সামনে বর্ষা মৌসুমে পুরো রাস্তা পাশের পুকুরে বিলিয়ন হবার সম্ভাবনা রয়েছে। পীরপুরকুল্লা গ্রামের যুবসমাজের প্রতিনিধি আজগর আলীসহ বেশ কয়েকজন জানান আমরা প্রতিবছর যুবকরা মিলে গ্রাম থেকে টাকা ও বাঁশ তুলে রাস্তার ধারে পুকুরে প্যালাসাইড দিয়ে কোন রকমে রাস্তাটি টিকিয়ে রেখেছি। ইতিমধ্যই অর্ধেক রাস্তা পুকুরে বিলিয়ন হয়েছে। এবার বর্ষা মৌসুমে পুরো রাস্তা বিলিয়ন হবার সম্ভাবনা রয়েছে। তারা আরো জানান এ রাস্তাটি দিয়ে চার পাঁচ গ্রামের লোকের যাতায়াত। প্রতিনিয়ত ৫/৬ হাজার লোক এ পথ দিয়ে যাতায়াত করে। বর্ষাকালে কোমলমতি শিক্ষার্থীরা এ পথ দিয়ে যেতে পারেনা।

গর্ভবতী মায়েদের ভোগান্তির কথা তো বলে শেষ করা যাবেনা। তারা বলেন আওয়ামীলীগ সরকারের আমলে বর্তমান সাংসদ চুয়াডাঙ্গা ০২ আসনসহ কার্পাসডাঙ্গা ইউনিয়নের বিভিন্ন গ্রামে ব্যাপক উন্নয়ন করেছেন। এ রাস্তাটি তিনি করার ব্যাবস্থা করলে গ্রামবাসী তাকে সারাজীবন মনে রাখবে।

জনসাধারনের চরম ভোগান্তির কথা চিন্তা করে দ্রুত এ রাস্তাটি পিচ করনের দাবী জানিয়ে চুয়াডাঙ্গা ০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর এমপির আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী সহ সচেতন মহল।

ঢাকায় এক্সিকিউটিভ পদে চাকরি দিবে আকিজ গ্রুপ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে দেশের শীর্ষস্থানীয় শিল্পপ্রতিষ্ঠান আকিজ ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেড। প্রতিষ্ঠানটির ফাঙ্কশনাল ফুড অ্যান্ড বেভারেজ আরএনডি ডিভিশন ‘এক্সিকিউটি ’ পদে একাধিক জনবল নিয়োগ দেবে।

প্রতিষ্ঠানের নাম : আকিজ ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেড

পদ ও বিভাগের নাম : এক্সিকিউটিভ, ফাঙ্কশনাল ফুড অ্যান্ড বেভারেজ আরএনডি

আবেদনের বয়সসীমা : সর্বোচ্চ ৩২ বছর

পদসংখ্যা : নির্ধারিত নয়

কর্মস্থল : ঢাকা (ধামরাই)

বেতন : আলোচনা সাপেক্ষে

অভিজ্ঞতা : কমপক্ষে ২ বছর

বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ : ২৪ জুন, ২০২৪

কর্মঘণ্টা : ফুল টাইম

প্রার্থীর ধরন : নারী-পুরুষ (উভয়)

আবেদনের শেষ তারিখ : ১০ জুলাই, ২০২৪

শিক্ষাগত যোগ্যতা : যে কোনো স্বনামধন্য বিশ্ববিদ্যালয় (পাবলিক ইউনিভার্সিটির শিক্ষার্থীরা অগ্রাধিকার পাবে) থেকে ফলিত রসায়ন/পলিমার সায়েন্সে বিএসসি/এমএসসি ডিগ্রি থাকতে হবে।

অন্যান্য যোগ্যতা: ডকুমেন্টেশন সম্পর্কে জ্ঞান, উপস্থাপনা ও প্রতিবেদন, সমস্যা সমাধানের ক্ষমতা, শক্তিশালী বিশ্লেষণী ক্ষমতা থাকতে হবে।

অন্যান্য সুবিধা: প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, বিমা, আংশিক ভর্তুকিযুক্ত দুপুরের খাবার, বার্ষিক বেতন পর্যালোচনা, বছরে দুটি উৎসব ভাতা ছাড়াও বিভিন্ন সুবিধা পাবেন।

যেভাবে আবেদন করবেন: আগ্রহীরা আবেদন করতে ও বিস্তারিত বিজ্ঞপ্তিটি দেখতে এখানে ক্লিক করুন।

এমপি আনার হত্যা মামলার আসামী গ্যাস বাবু ঝিনাইদহ কারাগারে

ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার হত্যা মামলার পরিকল্পনাকারীদের মথ্যে অন্যতম আসামী কাজী কামাল আহমেদ বাবু ওরফে গ্যাস বাবুকে ঝিনাইদহ জেলা কারাগারে আনা হয়েছে।

মঙ্গলবার(২৫জুন) বিকাল ৪ টার দিকে তাকে কাশিমপুর কেন্দ্রীয় কারাগার থেকে ঝিনাইদহ কারাগারে পাঠানো হয়।

গাজীপুর মেট্রোপলিটন পুলিশের একটি প্রিজন ভ্যানে তাকে কঠোর নিরাপত্তার মাধ্যমে নিয়ে আসা হয়। এর আগে ঝিনাইদহ জেলা শহরের বিভিন্ন স্থানে পুলিশী কঠোর নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়।

বাবুকে নিয়ে আগামীকাল তার ফেলে দেওয়া মোবাইলসহ আলামত উদ্ধার অভিযান শুরু হতে পারে বলে পুলিশের একটি সুত্র জানিয়েছে।

ঝিনাইদহ জেলা কারাগারের জেলার মহিউদ্দিন হায়দার এ তথ্য নিশ্চিত করেন জানান, সংসদ সদস্য আনার হত্যা মামলার অন্যতম আসামি কাজী কামাল ওরফে গ্যাস বাবুকে ঝিনাইদহ কারাগারে স্থানান্তর করা হয়েছে ।

কোটচাঁদপুরে ট্রেন লাইন থেকে অজ্ঞাত ব্যক্তির লাশ উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্রেন লাইন থেকে অজ্ঞাত (৩০) এক ব্যক্তির লাশ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার সকালে উপজেলার বলুহর গ্রামের মাঠ এলাকা থেকে তার লাশ উদ্ধার করা হয়।

স্থানীয়রা জানায়, কোটচাঁদপুর স্টেশন থেকে ২ কিলোমিটার বলুহর

গ্রামের বটতলা মাঠ এলাকার ৯৯/৮ এর ১০০/০ নং পিলারের কাছে অজ্ঞাত এক যুবকের খন্ড বিখন্ড লাশ দেখতে পেয়ে পুলিশে খবর দেয় এলাকাবাসী। পরে পুলিশ এসে তার লাশ উদ্ধার করে।

কোটচাঁদপুর থানার ওসি সৈয়দ আল মামুন জানান, ভোর রাতে ট্রেনে কাটা করে ওই যুবকের মৃত্যু হয়েছে বলে ধারণা করা হয়েছে। তবে তার নাম ও ঠিকানা জানা যায়নি। যশোর জি আরপি পুলিশ এলে লাশ তাদের কাছে হস্তান্তর করা হবে।